



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



জরুরি বিজ্ঞপ্তি

নং- ৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/৪০৬৩

তারিখ : ২৯/১১/২০২০

বিষয় : ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের (২০২১ সালে এসএসসি পরীক্ষার্থী) রেজিস্ট্রেশন কার্ড বিতরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোর্ডের আওতাধীন অনুমোদিত ও স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান (মাধ্যমিক/স্কুল এন্ড কলেজ পর্যন্ত) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড আগামী ০২/১২/২০২০ হতে ২০/১২/২০২০ তারিখ বিদ্যালয় শাখা থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

২। রেজিস্ট্রেশন কার্ডে কোন ধরনের ভুল হয়ে থাকলে রেজিস্ট্রেশন কার্ড বিতরণের তারিখের মধ্যে সংশোধনের জন্য বোর্ডে আবেদন করতে হবে। উক্ত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ এবং সংশোধনের জন্য আবেদন না করলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

৩। শিক্ষা প্রতিষ্ঠানের সর্বশেষ স্বীকৃতি নবায়ন এবং কমিটির অনুমোদনপত্র দাখিল করতে হবে।

৪। রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার পূর্বে বোর্ডের ১নং ভবনের নীচ তলায় শিক্ষা প্রতিষ্ঠান প্রতি ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা হারে স্কাউট ফি জমার রশিদ সংগ্রহ করে উক্ত রশিদের এক কপি বোর্ডে জমা দিয়ে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



প্রফেসর মোহাম্মদ আবুল মনজুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

অনুলিপি :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।

